গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
টাঙ্গাইল।

অফিস আদেশ নং - ২০ /জি

তারিখ ঃ ২৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ / ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর ১৯ জানুয়ারি, ২০২০ খ্রি. (০৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ) তারিখের ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৯.৫১ নং প্রজ্ঞাপনমূলে এ জজশীপে নিম্নলিখিত ৩ (তিন) জন সহকারী জজকে (শিক্ষানবিশ) নিয়োগ প্রদান করায় অদ্য পূর্বাহ্নে তাঁরা নিয়োগপত্রের শর্ত মোতাবেক প্রত্যেকে ৩০০/- টাকা নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদিত অঙ্গীকারনামা ও জামানতদার কর্তৃক ৩০০/- টাকা করে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদিত বন্ডসহ যোগদানপত্র দাখিল করেছেন। তাঁদের যোগদানপত্র গৃহীত হল। উক্ত প্রজ্ঞাপনের ২(ক) দফার শর্ত মোতাবেক তাঁদেরকে তাঁদের নামের পাশে বর্ণিত নিম্নলিখিত আদালত ও শাখার বিচারকের তত্ত্বাবধানে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য সংযুক্ত করা হল ঃ

| ক্রমিক | শিক্ষানবিশ সহকারী জজগণের নাম | প্রশিক্ষণের সময় | সংযুক্ত আদালত ও কার্যালয়ের নাম |
|---|---|---|---|
| ০১ | জনাব তৈয়ব উদ্দিন (মেধাক্রম ১৬শ, রোল নং ৭৫১৫) সহকারী জজ (শিক্ষানবিশ) | ২৮-০১-২০২০ খ্রি. থেকে ১০-০২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | টাঙ্গাইল সদর সিনিয়র সহকারী জজ আদালত ও সেরেস্তা |
| | | ১১-০২-২০২০ খ্রি. থেকে ২৩-০২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | মির্জাপুর সিনিয়র সহকারী জজ আদালত ও সেরেস্তা |
| ০২ | বেগম রোকসানা পারভীন (মেধাক্রম ২০শ, রোল নং ২৯৫১) সহকারী জজ (শিক্ষানবিশ) | ২৪-০২-২০২০ খ্রি. থেকে ০৭-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | মধুপুর সিনিয়র সহকারী জজ আদালত ও সেরেস্তা |
| | | ০৮-০৩-২০২০ থেকে ১৪-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | জেলা লিগ্যাল এইড অফিস,টাঙ্গাইল। |
| ০৩ | বেগম জিনিয়া আক্তার (মেধাক্রম ২৪শ, রোল নং ১১০৬) সহকারী জজ (শিক্ষানবিশ) | ১৫-০৩-২০২০ খ্রি. থেকে ১৯-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত ও সেরেস্তা |
| | | ২০-০৩-২০২০ খ্রি. থেকে ২৪-০৩-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | যুগ্ম জেলা ও দায়রা জজ ৪র্থ আদালত ও সেরেস্তা |
| | | ২৫-০৩-২০২০ থেকে ১৪-০৪-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল। |
| | | ১৫-০৪-২০২০ থেকে ২৪-০৪-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত | জেলা ও দায়রা জজ আদালত ও এর বিভিন্ন বিভাগ |

তাঁরা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতসহ অত্র জজশীপের সংশ্লিষ্ট বিচারকের সাথে এজলাসে আসন গ্রহণপূর্বক মামলার বিচারিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কার্যাবলিসহ সাক্ষীদের জবানবন্দি ও জেরা লিপিবদ্ধ করবেন, ফৌজদারি মামলায় আসামীদের কার্যবিধির ৩৪২ ধারায় বক্তব্য লিপিবদ্ধ করবেন, আইনজীবীগণের যুক্তিতর্ক শ্রবণ করবেন, মামলার নথি পর্যালোচনা পূর্বক পৃথক পৃথকভাবে আদেশ ও রায় প্রস্তুতসহ মামলার আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিচারিক ও দাপ্তরিক কার্যাবলি সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এছাড়া জজশীপের বিভিন্ন শাখার কার্যাবলি যথা-হিসাব বিভাগে রক্ষিত কর্মচারী/কর্মকর্তাগণের বেতন বিল, বাজেট, সিভিল ডিপোজিট, পেমেন্ট অর্ডার, ল্যান্স ডিপোজিট, চালান রেজিস্টারাদি; রেকর্ড রুমে রক্ষিত নথিপত্র সংরক্ষণ করার পদ্ধতিসহ রেকর্ডরুমের যাবতীয় রেজিস্টার; নেজারত বিভাগের সমন/নোটিশ জারি রেজিস্টার, জারিকারকদের সমন জারির রিপোর্ট ও পদ্ধতি, পেরেমটরি ক্যাশসহ নেজারত বিভাগের যাবতীয় কাজ; নকল বিভাগের কার্যাবলি সম্পর্কে বিভিন্ন রেজিস্টার; ফরমস্ ও স্টেশনারি বিভাগের কার্যাবলি সম্পর্কে ধারণাসহ জেলা জজ আদালতের ইংলিশ বিভাগসহ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিভিন্ন শাখার যাবতীয় ফাইলপত্র ও করেসপন্ডেন্স সংক্রান্ত নথিপত্র পর্যালোচনা করবেন এবং জেলা লিগ্যাল এইড অফিসে সরকারি আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত কার্যাবলি সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন।

এই আদেশ অদ্য ২৮-০১-২০২০ খ্রি. তারিখ থেকে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকলকে জানানো হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ শওকত আলী চৌধুরী)
সিনিয়র জেলা ও দায়রা জজ
টাঙ্গাইল।

স্মারক নং- ৪৬(১১)।১৬

তারিখ ঃ ২৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ / ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। মাননীয় সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৪। যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম/৪র্থ আদালত, টাঙ্গাইল।
৫। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ/রেকর্ড রুম/নকল বিভাগ/ফরমস ও স্টেশনারি বিভাগ/লাইব্রেরি বিভাগ, জেলা জজ আদালত, টাঙ্গাইল।
৬। সিনিয়র সহকারী জজ, সদর/মির্জাপুর/মধুপুর, টাঙ্গাইল।
৭। জনাব তৈয়ব উদ্দিন, সহকারী জজ (শিক্ষানবিশ), টাঙ্গাইল।
৮। বেগম রোকসানা পারভীন, সহকারী জজ (শিক্ষানবিশ), টাঙ্গাইল ।
৯। বেগম জিনিয়া আক্তার, সহকারী জজ (শিক্ষানবিশ), টাঙ্গাইল ।
১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল।
১১। অফিস কপি।